# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 25-12-2024** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্য সরকার বাংলার বাড়ি প্রকল্পে আগামীকালের মধ্যে উপভোক্তাদের অ্যাকাউন্টে প্রথম কিস্তির টাকা দেওয়ার কাজ শেষ করার নির্দেশ দিয়েছে।

২) রাজ্যে স্বনির্ভর গোষ্ঠীর আর্থিক ক্ষমতায়নে সরকার নতুন নজির গড়েছে।

৩) নতুন বছর থেকে কলকাতার সমস্ত দোকানের সাইন বোর্ড বাংলায় লেখা আবশ্যিক করা হচ্ছে।

৪) এসএসসি নিয়োগ দুর্নীতি মামলায় কলকাতা হাইকোর্টে জামিন খারিজ প্রাক্তন শিক্ষামন্ত্রী সহ ৫ জনের।

এদিকে আর জি করের খুন ও ধর্ষণের ঘটনায় নির্যাতিতার বাবামা-র আবেদনে কলকাতা হাইকোর্ট এখনই হস্তক্ষেপ করতে অস্বীকার করেছে।

৫) প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ির জন্মশতবর্ষ আজ পালিত হচ্ছে সুপ্রশাসন দিবস হিসাবে।

৬) আজ বড়দিন। যীশু খ্রীষ্টের জন্মদিনটি উপলক্ষে দেশ-বিদেশের খ্রিস্ট ধর্মাবলম্বীদের পাশাপাশি আপামর জনগণ মেতে উঠেছেন উৎসবে।

---

রাজ্য সরকার বাংলার বাড়ি প্রকল্পে আগামীকালের মধ্যে উপভোক্তাদের অ্যাকাউন্টে প্রথম কিস্তির টাকা দেওয়ার কাজ শেষ করার নির্দেশ দিয়েছে। পঞ্চায়েত দপ্তর থেকে এই মর্মে জারি করা এক নির্দেশিকায় বলা হয়েছে, প্রথম কিস্তিতে ৬০ হাজার টাকা করে দেওয়া হবে।

তারপর ব্লক আধিকারিকদের চারটি পর্যায়ে বাড়ি তৈরির কাজে নজরদারি করতে বলা হয়েছে।

উল্লেখ্য বারো লক্ষ উপভোক্তাকে প্রথম কিস্তির টাকা দেওয়ার কাজ শুরু হওয়ার পর এখনও পর্যন্ত আট লক্ষ ২৩ হাজারের বেশি উপভোক্তার অ্যাকাউন্টে এই টাকা পাঠানো হয়েছে।

-------------------

রাজ্যে স্ব-নির্ভর গোষ্ঠীর সংখ্যা বৃদ্ধির পাশাপাশি তাদের আর্থিক ক্ষমতায়নে সরকার নতুন নজির গড়েছে। ৬ লক্ষ ৪৫ হাজারের বেশি গোষ্ঠীকে ৯৬৮ কোটি টাকারও বেশি অর্থ বণ্টন করা হয়েছে। এছাড়া ৬ লক্ষ ৬৫ হাজারের বেশি স্বনির্ভর গোষ্ঠীকে ব্যাঙ্ক ঋণ বাবদ

১৩ হাজার ৯৪৫ কোটি টাকা দেওয়া হয়েছে বলে সংশ্লিষ্ট দফতরের তরফে জানা গেছে।

উল্লেখ্য, 'জাগো' প্রকল্পের অধীনে, রাজ্য সরকার ১০ লক্ষ ৫হাজার টাকা প্রদান করেছে, যার ফলে এক কোটি মহিলা উপকৃত হয়েছেন। স্বনির্ভর গোষ্ঠীগুলির সক্রিয়তা বাড়াতে পড়ুয়াদের স্কুল তৈরির সরকারি বরাতও তাদের দেওয়া হয়েছে।

-------------------

রাজ্যে দখল হয়ে যাওয়া শত্রু সম্পত্তি পনুরুদ্ধার করতে সরকার উদ্যোগী হয়েছে। গোটা রাজ্যে এমন পাঁচশোটির বেশি শত্রু সম্পত্তি বা এনিমি প্রপার্টি দখলদারদের হাত চলে গিয়েছে। তার মধ্যে ৪৯টি সম্পত্তি দখলমুক্ত করে সরকারের হাতে ফেরানোর উদ্যোগ শুরু হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক এরাজ্যের শত্রু সম্পত্তিগুলির পরিস্থিতি খতিয়ে দেখতে সম্প্রতি এক সমীক্ষা করে। সেখানেই এই তথ্য উঠে এসেছে বলে জানা গেছে । ওই সমীক্ষা অনুযায়ী, এরাজ্যে মোট ৪ হাজার ৩৭৬টি শত্রু সম্পত্তির হদিস মিলেছে। এর মধ্যে ৪ হাজার ৩২০টি সম্পত্তি পাকিস্তানের, বাকিগুলি চীনের। এই সম্পত্তিগুলির মধ্যে ৫৩৬টি বেআইনি দখলে চলে গিয়েছে বলে সমীক্ষায় উঠে এসেছে । এখনও পর্যন্ত তাদের মধ্যে ৪৯টি সম্পত্তি বা বাড়ি খালি করার জন্য নোটিস দেওয়া হয়েছে।

-------------------

কলকাতা হাইকোর্টে ফের ধাক্কা প্রাক্তন শিক্ষামন্ত্রীর। এসএসসি নিয়োগ দুর্নীতিতে কলকাতা হাইকোর্টে জামিন খারিজ প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়-সহ ৫ জনের। অভিযুক্তদের আজ জামিন মঞ্জুর করলেন না হাইকোর্টের বিশেষ বেঞ্চের বিচারপতি তপোব্রত চক্রবর্তী।

পার্থ চট্টোপাধ্যায় সহ নয় অভিযুক্ত জামিনের জন্য হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন। এর আগে এই মামলাটি বিচারপতি অরিজিৎ ব্যানার্জি এবং বিচারপতি অপূর্ব সিং রায়ের ডিভিশন বেঞ্চে পেশ করা হয়েছিল। ২০ নভেম্বর বিচারপতি অরিজিৎ ব্যানার্জি নয় অভিযুক্তের জামিন মঞ্জুর করেছিলেন, কিন্তু বিচারপতি অপূর্ব সিং রায় পাঁচ অভিযুক্ত - পার্থ চ্যাটার্জি, সুবিরেশ ভট্টাচার্য, কল্যাণময় গঙ্গোপাধ্যায়, শান্তি প্রসাদ সিনহা ও অশোক কুমার সাহাদের জামিন খারিজ করে দেন।

এর আগে জামিন পেয়েছেন পার্থ চট্টোপাধ্যায়ের বান্ধবী হিসাবে পরিচিত অর্পিতা মুখোপাধ্যায়। পার্থ নিজেও জামিনের জন্য কম আর্জি জানাননি। এর আগে পার্থর জামিন নিয়ে ডিভিশন বেঞ্চের দুই বিচারপতি দ্বিমত পোষণ করেন। তাঁরা এই মামলা পাঠিয়ে দেন তৃতীয় বিচারপতি তপোব্রত চক্রবর্তীর কাছে। মামলায় শুনানি শেষ হলেও রায় দান স্থগিত ছিল। তবে হল না জামিন।

এ দিন আদালতে বিচারপতি বক্তব্য ছিল, অভিযুক্তদের ছেড়ে দিলে ছাত্রদের উপর অবিচার হবে। একজন মন্ত্রীর যে দুর্নীতি সামনে এসেছে, আজ তাঁকে ছেড়ে দিলে শিক্ষা ব্যবস্থাতেও এর প্রভাব পড়বে। এই কারণেই মূলত পাঁচজনের জামিন খারিজ করেন বিচারপতি। বস্তুত, ইডির মামলায় আগেই জামিন পেয়েছিলেন পার্থ। তবে সিবিআই-এর দায়ের করা মামলায় জামিন খারিজ তাঁর।

------------------

নতুন বছর থেকে কলকাতা মহানগরীর ১৪৪ টি ওয়ার্ডের সমস্ত দোকানের সাইন বোর্ড বাংলায় লেখা আবশ্যিক করা হচ্ছে। পাশাপাশি অন্য ভাষায় সাইনবোর্ড লেখার ব্যাপারে কোন নিষেধাজ্ঞা থাকবেনা বলে মেয়র ফিরহাদ হাকিম জানিয়েছেন। বাংলা ধ্রুপদী ভাষার মর্যাদা পাওয়ার পরই পুরসভার পক্ষ থেকে এই নির্দেশিকা জারি করা হল।

এই লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তরের পক্ষ থেকে ১৪৪টি ওয়ার্ডের সব দোকানের তালিকা তৈরির কাজ ইতোমধ্যে শুরু হয়েছে বলে সূত্রের খবর।

------------------

এদিকে আর জি করের খুন ও ধর্ষণের ঘটনায় সিবিআই-এর তদন্তে অসন্তোষ প্রকাশ করে দাখিল করা নির্যাতিতার বাবামা-র আবেদনে কলকাতা হাইকোর্ট এখনই

হস্তক্ষেপ করতে অস্বীকার করেছে। বিচারপতি তীর্থঙ্কর ঘোষের বেঞ্চে গতকাল এ সংক্রান্ত শুনানির সময় তিনি বলেন, গোটা বিষয়টি সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণে রয়েছে। সেই সঙ্গে হাইকোর্টের ডিভিশন বেঞ্চেও বিচারাধীন। তাই সিঙ্গল বেঞ্চ এব্যাপারে কোনোরকম হস্তক্ষেপ করবে না। মামলার পরবর্তী শুনানির দিন ধার্য হয়েছে আগামী ১৫ ই জানুয়ারি।

উল্লেখ্য, ৯০ দিনের মধ্যে সিবিআই সাপলিমেন্টারি চার্জশিট পেশ করতে না পারায় আর জি করের খুন ও ধর্ষণের মামলায় প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ও টালা থানার তৎকালীন ওসি অভিজিত্ মন্ডলকে জামিন দেয় নিম্ন আদালত। এরপরই সিবিআই তদন্তের ওপর অনাস্থা প্রকাশ করে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন নির্যাতিতার বাবা-মা।

-------------------

আর জি কর হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনার তদন্তে সিবিআইয়ের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ তুলে ডাক্তারদের সিজিও কমপ্লেক্স অভিযানকে কেন্দ্র করে গতকাল ধুন্ধুমার কান্ড বাধে। দুপুরে সেন্ট্রাল পার্ক মেট্রো স্টেশনের সামনে জমায়েত করেন মেডিকেল সার্ভিস সেন্টার, সার্ভিস ডক্টর ফোরাম এবং নার্সেস ইউনিটির সদস্যরা। সেখান থেকে মিছিল সিজিও কমপ্লেক্সের কাছে পৌঁছলে পুলিশি ব্যারিকেডের মুখে পড়েন তাঁরা। আন্দোলনকারীদের পক্ষ থেকে সিজিও কমপ্লেক্সের মেন গেটে প্রতীকী তালা ঝুলিয়ে দেওয়া হয়। এরপর পুলিশ সেই তালা খুলে দিলে আন্দোলনকারীরা ক্ষোভে ফেটে পড়েন। পুলিশের সঙ্গে তাদের ধস্তাধস্তি বাধে। পরে সিজিও কমপ্লেক্সের সামনে বসে বিক্ষোভ দেখান আন্দোলনকারীরা।

-------------------

প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ির আজ জন্ম শতবর্ষ। দিনটি সুপ্রশাসন দিবস হিসাবেও পালিত হচ্ছে। জাতীয় রাজধানীতে তাঁর সমাধি ক্ষেত্র সদৈভ অটল-এ শ্রদ্ধা নিবেদন করা হবে। তিনবার ভারতের প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেন অটল বিহারী বাজপেয়ি।

এ রাজ্যেও নানা অনুষ্ঠানে তাঁর প্রতি শ্রদ্ধা জানানো হচ্ছে।

------------------

আজ বড়দিন। যীশু খ্রীষ্টের জন্মদিন পালনের জন্য খ্রিস্ট ধর্মাবলম্বীদের পাশাপাশি আপামর জনগণ মেতে উঠেছেন। কলকাতা সহ গোটা রাজ্যেই উৎসবের মেজাজ। গতকাল মধ্যরাতে গির্জায় গির্জায় ঘণ্টা ধ্বনি, ক্যারল ও বিশেষ প্রার্থনার মধ্যে দিয়ে সূচনা হয় বিশেষ উৎসবের।

জিংগল বেল

আলোকমালায় সুসজ্জিত গির্জাগুলির পাশাপাশি বাড়ি ঘর , রাস্তা ঘাট ও শপিং মলগুলিও সাজিয়ে তোলা হয়েছে ক্রিসমাস ট্রি, বেলস, স্টার দিয়ে। বড়দিন উপলক্ষে চলেছে উপহারের আদান প্রদান ও। বো-ব্যারাক এলাকার বাড়িঘরগুলিও আলোকমালায় সাজিয়ে তোলা হয়েছে।

বড়দিনের অন্যতম আকর্ষণস্থল কলকাতার পার্ক স্ট্রীট সেজে উঠেছে আলোকমালায়।

আমাদের প্রতিনিধি জানাচ্ছেন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

এদিকে, কলকাতার নগরপাল মনোজ ভারমা, গতরাতে পার্ক স্ট্রিট ঘুরে দেখেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি জানান

বাইট

-------------------

বড়দিন উপলক্ষে সম্ভাব্য অতিরিক্ত যাত্রী ভিড়ে নিরাপত্তা ব্যবস্থা শক্তিশালী করতে মেট্রো রেল বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছে।Esplanade, Park স্ট্রিট, ময়দান, রবীন্দ্র সদন, দমদম এবং দক্ষিণেশ্বর মেট্রো স্টেশন গুলিতে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা রাখা হয়েছে মেট্রো রেল সূত্রের খবর। এইসব স্টেশন গুলিতে প্রবেশ দ্বার ও বের হওয়ার পথে বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত আরপিএফ কর্মী ও অতিরিক্ত আরপিএফ কর্মী মোতায়েন থাকছে। মহিলা ও শিশুদের নিরাপত্তা দেখভালের জন্য পার্ক স্ট্রিট স্টেশনে পর্যাপ্ত আরপিএফ অফিসার ও কর্মী এবং পার্ক স্ট্রীট, ময়দান এবং Esplanade স্টেশনে নিরাপত্তায় বিশেষ টিম মোতায়েন থাকছে যারা আপদকালীন কোনো অবস্থা মোকাবিলা করতে সক্ষম । সেন্ট্রাল কন্ট্রোল এবং সিসিটিভি মনিটরিং এর জন্য পর্যাপ্ত কর্মী থাকবে। একজন আধিকারিক ও চারজন কর্মী সহ আরেকটি একটি বিশেষ দলও পার্ক স্ট্রিটে এবং Esplanade, Park স্ট্রিট, ময়দান স্টেশনে যাত্রীদের যথাযথ সহযোগিতা করার জন্য আরপিএফ কর্মী মোতায়েন থাকবে বলে মেট্রো রেল সূত্রের খবর।

অন্যদিকে বড়দিনের রাতে দর্শনার্থীদের সুবিধায় মেট্রোরেল অধিক রাত পর্যন্ত ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। কবি সুভাষ দক্ষিণেশ্বর করিডরে কবি সুভাষ থেকে রাত এগারোটায় এবং দক্ষিণেশ্বর থেকে রাত ১০-৫৩ মিনিটে শেষ ট্রেন ছাড়বে বলে মেট্রোর তরফে এক বিজ্ঞপ্তি জানানো হয়েছে। ঐদিন বিকাল তিনটা থেকে রাত আটটা পর্যন্ত এই করিডরে ৭ মিনিটের ব্যবধানে ট্রেন পাওয়া যাবে। মোট ট্রেন চলবে ২২৪টি।

অন্যদিকে, সল্টলেক সেক্টর ফাইভ ও শিয়ালদার মধ্যে একশো একটির পরিবর্তে মোট ৯০টি ট্রেন চালানো হবে বলে জানানো হয়েছে।

------------------

প্রতিবেশী বাংলাদেশের পরিস্থিতির প্রেক্ষিতে শহরে সুরক্ষা বজায় রাখতে নিরাপত্তা ব্যবস্থা আরো জোরদার করা হচ্ছে ।কলকাতা পুলিশের কমিশনার মনোজ বর্মা আজ এ কথা জানিয়েছেন। দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং থেকে এক জঙ্গি সহ বেশ কয়েকজন সন্দেহভাজনকে গ্রেফতার করার প্রেক্ষিতে উৎসবের দিনগুলিতে রাস্তায় অতিরিক্ত বাহিনী নামানো হবে বলেও তিনি জানান।

------------------

দিল্লী সহ বিভিন্ন রাজ্যে পশ্চিমবঙ্গ থেকে যাওয়া পড়ুয়া ও পরিযায়ী শ্রমিকদের বাংলাদেশী ভেবে ভুল করার ঘটনা সামনে আসায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি লিখেছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। চিঠিতে, দিল্লী সরকারের উদ্যোগে, দিল্লী মিউনিসিপ্যাল কর্পোরেশনের তরফ থেকে বেআইনিভাবে প্রবেশ করা বাংলাদেশী নাগরিকদের চিহ্নিত করতে এক কর্মসূচির উল্লেখ করেন তিনি। এর ফলে এরাজ্যের পড়ুয়াদের হয়রানির শিকার হতে হচ্ছে বলে চিঠিতে উদ্বেগ প্রকাশ করেন অধীরবাবু। তিনি এই বিষয়ে, প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করেছেন।

উল্লেখ্য মালদা, মুর্শিদাবাদ, দুই দিনাজপুর, নদীয়া, দুই ২৪ পরগনা সহ একাধিক থেকে পরিযায়ী শ্রমিকরা দিল্লী সহ একাধিক রাজ্যে পাড়ি দেন।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, রাজ্যে জঙ্গী ও বাংলাদেশীদের ঘটনায় গভীর উদ্বোগ প্রকাশ করেছেন।

বাইট

------------------

রাজ্যে জঙ্গি অনুপ্রবেশ নিয়ে বিরোধীদের অভিযোগের পাল্টা সমালোচনা করেছে তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ। সাংবাদিকদের তিনি বলেন, অবৈধভাবে কেউ যদি সীমানা অতিক্রম করে ঢুকে পড়ে তা দেখার দায়িত্ব বিএসএফের। সীমান্ত পাহারা দেওয়ার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের ।কুনাল বাবু আরো বলেন বাংলাদেশের সীমান্ত দিয়ে ত্রিপুরায় জঙ্গি ঢুকছে ধরা পড়েছে।

বাইট

-------------------

বিএসএফ-এর মহিলা জওয়ানদের উদ্যোগে এবং 'ন্যাশনাল মিশন ফর ক্লিন গঙ্গা'-এর সহযোগিতায় নারী সশক্তিকরণ ও গঙ্গা নদীকে দূষণমুক্ত করার উদ্দেশ্যে ৫৩ দিন আগে গঙ্গোত্রী থেকে রাফ্টিং শুরু করেছিলেন।

২০ সদস্যের মহিলা বিএসএফ জওয়ানের দলটি প্রায় ২৫০০ কিলোমিটার অতিক্রম করে গত ২২ ডিসেম্বর গঙ্গাসাগর পৌঁছয়। গঙ্গোত্রী থেকে গঙ্গাসাগর পর্যন্ত এই নৌযাত্রার আনুষ্ঠানিক সমাপ্তি অনুষ্ঠান হয় আজ ডায়মন্ড হারবার কেল্লার মাঠে।

অনুষ্ঠানে বিএসএফের দুঃসাহসী ২০ জন মহিলা জওয়ানকে অভিনন্দন জানানো হয়। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিএসএফ- এর ডিজি দলজিৎ সিং চৌধুরী সহ অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকরা।

দলজিৎ সিং চৌধুরী মহিলাদের এই উদ্যোগকে প্রশংসা করেন। পাশাপাশি সাম্প্রতিক বাংলাদেশের অস্থিরতার প্রেক্ষিতে বিএসএফের ভূমিকা উল্লেখ করেন ডিজি।

(বাইট-ডিজি দলজিৎ সিং চৌধুরী)

-------------------

বেনারস রোড ওভার ব্রিজ কাজের জন্য আজ ( 25.12.2024) থেকে আগামী ২২ জানুয়ারি (22.01.2025)পর্যন্ত 37202 ব্যান্ডেল - হাওড়া মাতৃভূমি লোকাল বাতিল থাকবে। এর পরিবর্তে একটি ডাউন প্যাসেঞ্জার স্পেশাল ব্যান্ডেল থেকে একই পথে চালানো হবে বলে পূর্ব রেল সূত্রের খবর।

------------------- -------------------